উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

## নীলফামারী সদর উপজেলা পরিষদ এর আগস্ট, ২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ২৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বিকাল ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ করা হয় এবং গত ৩০-০৭-২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৭টি কমিউনিটি ক্লিনিক সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত চালু রেখে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>২। হাট-বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী এর কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে রোপা আমন ধানের আর্জন ২৭৯৮০ হেঃ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ রোপা আমন ধানের উপরি সার প্রয়োগসহ কৃষক পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। আগস্ট ২০২৫ মাসের ইউরিয়া সারের বরাদ্দ ১৪৩৪ মেঃ টন ও টিএসপি সারের বরাদ্দ ১০২.২০ মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ৪৯৫ মেঃ টন ও ডিএপি সারের বরাদ্দ ৪৭৯.৬০ মেঃ টন। ২৯/৮/২০২৫ তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৬৭৩ মেঃ টন, টিএসপি সারের মজুদ ৩০.৩৫ মেঃ টন, এমওপি সারের মজুদ ৩২৫ মেঃ টন ও ডিএপি সারের মজুদ ১৯২.৫৫ মেঃ টন। তিনি আরও জানান যে, বাজারে ভেজাল সার ও কীটনাশক বিক্রয় বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে । গতকাল ২৭/০৮/২০২৫ সোনারায় ইউনিয়নে একজন ভেজাল কীটনাশক বিক্রেতাকে ভ্রাম্যমান আদালতের মধ্যে ৪০,০০০/-টাকা জরিমানা করা হয়। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২। ভেজাল কীটনাশক বন্ধে দোকানসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, র‍্যালী, আলোচনা সভা ও পোনা অবমুক্তকরণ এবং সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উদযাপন করা হয়েছে। রাজস্ব খাতের আওতায় সরকারি জলমহাল, প্রাতিষ্ঠানিক পুকুরে ৫০০ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী পিরানহা, আফ্রিকান মাগুর মাছ এবং কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল নিষিদ্ধকরণে নিয়মিত বাজার পরিদর্শন করা হচ্ছে। বিল, খাল বা অন্যান্য জলাশয় সম্পূর্ণ শুকিয়ে মাছ ধরা মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী দন্ডনীয় অপরাধ। এ ব্যাপারে সজাগ হওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ অন্যান্যদের আহবান জানানো হয়েছে। প্রদর্শনীর জন্য পুকুরের তালিকা দাখিলের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। ঝিনুকে মুক্তার চাষ করার জন্য আগ্রহী ব্যক্তিগণকে প্রশিক্ষণ প্রদান করা হবে। উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে<br>২। আদর্শ মৎস্য চাষীর নামের তালিকা ইউপি চেয়ারম্যানগণ দাখিল করবেন।<br>৩। ঝিনুকে মুক্তার চাষ করার জন্য আগ্রহী ব্যক্তিগনের নামের তালিকা ইউপি চেয়ারম্যানগণ দাখিল করবেন। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি, নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কার্যক্রমের অংশ হিসেবে গত জুলাই ২০২৫ মাসে টিকাদান কর্মসূচির আওতায় ৩৫১৬টি গবাদি পশু এবং ৯৮০০টি হাসমুরগির টিকা প্রদান করা হয়েছে। ২৩০০টি গবাদি পশু ও ১২০০৫টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। বেসরকারিভাবে ২টি গবাদি পশুর স্থাপন করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মসূচির আওতায় হিমায়িত সিমেনদ্বারা ২৮৪টি ও তরল সিমেনদ্বারা ৭৮২টি প্রজনন করা হয়েছে। উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে ৫টি। ৩.২৫ একর পাকচং ঘাস চাষ হয়েছে। ভেটেরিনারি মেডিকেল টিম ০১টি ও এলএসডি কার্যক্রম চলমান কার্যক্রম চলমান রয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি-১০৮,২৪৪ জন, সর্বমোট গ্রহণকারী-৮৯১০৩জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৮২.৩২%, মোট গর্ভবতী ৩৬৩৬ জন, স্বাভাবিক প্রসব-ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩৮জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে-১৩জন। জুলাই ২০২৫ মাসে খাবার বড়ি ৩৫ চক্র, আপন ২৩ চক্র, কনডম ৩৮৪৮পিস, ইনজেকশন ১৯৫৩ ভায়াল বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, পঞ্চপুকুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের ভবনের উপরে একটি গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। উক্ত গাছ কর্তনের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে।<br>২। পঞ্চপুকুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের ভবনের উপরে ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা গাছ কর্তনের জন্য লিখিত আবেদনের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বনবিভাগ, নীলফামারী ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে সকল প্রকার ভাতাভোগীদের অনুকূলে ভাতা বিতরণের জন্য লাইভ ভেরিফেকেশন কার্যক্রম সম্পন্ন করে ভাতা বিতরণ করা হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে এবং ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। ইমপ্যাক্ট (বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হয়েছে ৩টি। রেজিস্ট্রেশনকৃত যুব সংগঠনের সংখ্যা ৩৭টি। মোটা আত্মকর্মীর সংখ্যা ৩৬১৮জন। বর্তমানে দপ্তরের কাজে কোন সমস্যা নাই। | ১। বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারীর প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রে উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। কচুকাটা, সোনারায়, সংগলশী ও লক্ষীচাপ ইউনিয়ন পরিষদ হতে অদ্যাবধি চূড়ান্ত তালিকা পাওয়া যায়নি। তিনি জরুরি ভিত্তিতে তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীর তালিকা প্রতি মাসের ০১ হতে ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | নীতিমালার আলোকে ভিডব্লিউবি এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি নীলফামারী সদর |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ১৮০টি অগভীর নলকূপ স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চওড়াবড়গাছা ও লক্ষীচাপ ইউনিয়নে গাভীপালন প্রকল্প চলমান। উক্ত প্রকল্পের ঋণখেলাপীর সংখ্যা ৪৮ জন। ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষকদের অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। এইচএসসি পরীক্ষা ২০২৫ সুষ্ঠভাবে সমাপ্ত হয়েছে। গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। শিক্ষার মান উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি ২০২৫-২৬ অর্থ বছরে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানগণ অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প দাখিল করবেন। | চেয়ারম্যান, সকল ইউপি, নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সকল প্রকার বিলি/বিতরণ চলছে।<br>(১) ওএমএস কার্যক্রম ঃ নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রয় কার্যক্রম ১ জুলাই ২০২৫ হতে চলমান। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(২) টিসিবি ঃ টিসিবি খাতে জুলাই ২০২৫ মাসে অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন ও নীলফামারী পৌরসভায় ১৩৭.৭৪০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে। | সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের জুলাই ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। বোরো ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। আউশ ফসলের পূর্বাভাস জরিপ পরিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। পাট ফসলের পূর্বাভাস জরিপ প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ের প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এছাড়াও অর্থনৈতিক শুমারির গ্রাম ভিত্তিক প্রতিবেদন প্রকাশ কা হয়েছে। | সকল প্রকার প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর মাসিক কার্যাবলীর অংশ হিসেবে ইউনিয়ন দলনেতা/দলনেত্রী, ওয়ার্ড দলনেতা/দলনেত্রী, ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার, ইউনিয়ন সহকারী প্লাটুন কমান্ডার, উপজেলা আনসার কোম্পানী কমান্ডার, সহকারী উপজেলা আনসার কোম্পানী কমান্ডার ও উপজেলা মহিলা আনসার কমান্ডারগণদের নিয়ে মাসিক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষ রোপণ, মাদক বিরোধী কর্মকান্ড ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয়। মাসিক সভায় গত মাসের সার্বিক কর্মকান্ড সম্পর্কে আনসার ও ভিডিপি সদস্যদের মাঝে আলোচনা করা হয় এবং তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়। তিনি আরও জানান যে, স্বাস্থ্যবিধি মেনে তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষ রোপণ, মাদক বিরোধী কর্মকান্ড পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| **২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে সহকারী প্রকৌশলী জানান যে, চলতি রবি মৌসুমে বিএমডিএ'র আওতায় ৬৩টি গভীর নলকূপ ও ৪টি এলএলপি'র সেচ কার্যক্রম বন্ধ রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| **২১. আইসিটি বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা আইসিটি অফিসার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় ৬টি ব্যাচের মধ্যে ৫টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ১টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ উপজেলার সরকারি দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল/ চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর |
| **২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ):** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী, নীলফামারী সদর জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিস এর আওতায় ৫৩টি সেচ যন্ত্র সচল আছে। কিন্তু বর্ষার কারনে সেচ যন্ত্র বন্ধ আছে। কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান করা হবে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| **২৩. নির্বাচন কমিশনঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| **২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নযন কর্মকর্তা জানান যে, পাট বীজ উৎপাদনের জন্য আগ্রহী চাষীদের তালিকা দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | পাট বীজ উৎপাদনের জন্য আগ্রহী চাষীদের তালিকা চেয়ারম্যানগণ দাখিল করবেন। | চেয়ারম্যান সকল ইউপি নীলফামারী সদর। |
| **২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়)** কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, চলতি মাসে ২টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ১। উঠান বৈঠক নিয়মিত আয়োজন করতে হবে।<br>২। ডোর টু ডোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| **২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরের অনুমোদিত সকল প্রকল্প শতভাগ বাস্তবায়ন হয়েছে। চলতি অর্থ বছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করা হবে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর নীলফামারী। |
| **২৭. গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ৩য় পর্যায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের কার্যক্রম চলমান। গ্রাম আদালতে মামলার দায়ের এর চেয়ে নিষ্পত্তির হার অনেক কম। তিনি মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | গ্রাম আদালতে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) নীলফামারী সদর। |

চলমান

CamScanner

**আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউপিডিএফ) এর আওতায় চলতি অর্থ বছরে =৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা হতে প্রকল্প বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে (LTM) পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে ১৫টি প্যাকেজে ৮৩টি প্রকল্প ২,২৩,০০,০০০(দুই লক্ষ তেইশ হাজার) টাকার প্রকল্প গ্রহণ করা হয়। ৫% সাশ্রয় বাবদ ১১,১৫,০০০/-(এগারো লক্ষ পনেরো হাজার) টাকার মধ্যে ৯,০০,০০০/-(নয় লক্ষ) টাকায় প্রকল্প গ্রহণ করা হয়েছে। অবশিষ্ট =২,১৫,০০০/-(দুই লক্ষ পনেরো হাজার) টাকায় পিআইসি পদ্ধতিতে নিম্নবর্ণিত ০২(দুই)টি প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি প্রস্তাব পেশ করেন। যার বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে সিসি ঢালাই ও মাঠে মাটি ভরাট | ১,০০,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের পানি নিষ্কাশনের ড্রেণ নির্মাণ | ১,১৫,০০০/- |
| | সর্বমোট | ২,১৫,০০০/- |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্প পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সে আবাসিক এলাকায় নিরাপত্তার জন্য আরএফকিউ পদ্ধতিতে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। যার বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সীমানা প্রাচীর মেরামত ও সংস্কার | ৮,০০,০০০/- |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্প আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০৩। উপজেলা পরিষদের অভ্যন্তরে ৩টি মৃত গাছ ও ঝড়ে উপরে পরা ২টি গাছ নিলামে বিক্রয় প্রসঙ্গে।**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে দীর্ঘদিন যাবত বিভিন্ন প্রজাতির ৩টি মৃত গাছ এবং ঝড়ে উপরে পরা ২টিসহ মোট ০৫(পাঁচ)টি গাছ রয়েছে। যা নিলামে বিক্রয় করা প্রয়োজন মর্মে তিনি সভায় প্রস্তাব পেশ করেন।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির ৩টি মৃত গাছ এবং ঝড়ে উপরে পরা ২টিসহ মোট ০৫(পাঁচ)টি গাছ নিলামে বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০৪। উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামতকরণ প্রসঙ্গে।**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির পাম্প ও বোরিং নষ্ট হওয়ায় জরুরি মেরামত করা প্রয়োজন মর্মে =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের জন্য সভায় অনুমাদন প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির পাম্প ও বোরিং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয়ে আরএফকিউ পদ্ধতিতে মেরামতের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৮/২৫

মোঃ সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

২৮/৮/২৫

CamScanner

## উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.৩০(৪৫)

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৬। উপজেলা..............................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৭। চেয়ারম্যান,...........................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৮/৮/২৫

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

২৮/৮/২৫